

গোপন কথাটি রবে না গোপনে,
উঠিল ফুটিয়া নীরব নয়নে ।
না না না, রবে না গোপনে ॥
বিভল হাসিতে
বাজিল বাঁশিতে,
স্ফুরিল অধরে নিভৃত স্বপনে —
না না না, রবে না গোপনে ॥
মধুপ গুঞ্জরিল,
মধুর বেদনায় আলোক-পিয়াসি
অশোক মুঞ্জরিল ।
হৃদয়শতদল
করিছে টলমল
অরুণ প্রভাতে করুণ তপনে ।
না না না, রবে না গোপনে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail